তারিখ ২৪/১০/২০০৩
পৃষ্ঠা ৭ কলাম ৭

দৈনিক সংবাদ

300

# ডিগ্রি পরীক্ষা ঃ বাতিল ঘোষিত ৬৪টি কেন্দ্র পুনর্বহাল

## কেন্দ্র পরিবর্তন করে পরীক্ষা নেয়ার সিদ্ধান্তও থাকল না

কৈলাস সরকার ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সারাদেশের ডিগ্রি, সাব-সিডিয়ারি ও কলেজ পর্যায়ের বাতিল করা ৬৪টি পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল এবং খুলনা বিভাগের পরীক্ষার্থীদের বাধ্যতামূলক শহরে এসে পরীক্ষা দেয়ার পরিকল্পনাটি বাতিল করা হয়েছে। এছাড়া কেন্দ্র পরিবর্তন করে দেশব্যাপী কলেজগুলোর ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণের সিদ্ধান্তের পরিবর্তন করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যার পর জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দুর্গাদাস ভট্টাচার্যের সভাপতিত্বে উচ্চ ক্ষমতাসম্পন্ন এক বৈঠকে এ সিদ্ধান্তগুলো হয়। এসময়- বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বৈঠক সূত্র জানায়, এর আগে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সারাদেশের ৬৪টি পরীক্ষাকেন্দ্র বাতিল করেছিল। কিন্তু কেন্দ্র বাতিলের সিদ্ধান্তটি সময়োপযোগী না হওয়ায় এবং বৈঠকে অস্বচ্ছ প্রতীয়মান হওয়ায় কেন্দ্রগুলোকে পুনর্বহাল করা হয়। এ কেন্দ্রগুলোতে এবছর থেকে যথারীতি পরীক্ষা গ্রহণ করা হবে। বৈঠকের অপর এক সিদ্ধান্তে খুলনা বিভাগের সকল কলেজের ছাত্রছাত্রীদের বাধ্যতামূলক শহরের কেন্দ্রগুলোতে এসে পরীক্ষা দেয়ার পরিকল্পনাটি বাতিল করা হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে শহরের বাইরের যে ১৫টি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছিল সেগুলোকে পুনর্বহাল করা হয়েছে। ফলে এখন ছাত্রছাত্রীরা নিজ নিজ কেন্দ্রে বা এলাকার কেন্দ্রে পরীক্ষা দেবে। অপর সিদ্ধান্তে দেশব্যাপী পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করে ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণের যে সিদ্ধান্ত হয়েছিল সেক্ষেত্রেও পরিবর্তন আনা হয়েছে। দেশের মোট ৫২৪টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে ৩১৮টি কেন্দ্র পরিবর্তন করা হয়েছিল। ২০৬টি কেন্দ্রের পরীক্ষা ব্যবস্থা অপরিবর্তিত রাখা হয়েছিল। কিন্তু এ সিদ্ধান্তের ক্ষেত্রে ব্যাপক অভিযোগ, স্বজন প্রীতি, রাজনৈতিক প্রভাব কাজ করেছে বলে অভিযোগ উঠেছে। সভা সূত্র জানায়, কেন্দ্র পরিবর্তনের ফলে সম্ভাব্য সমস্যাসমূহ চিহ্নিত করেই পূর্বে গৃহীত সিদ্ধান্তের পরিবর্তন করা হচ্ছে। এক্ষেত্রে পরীক্ষার্থীদের যাতায়াত ব্যবস্থা, থাকার ব্যবস্থাসহ অন্য বিষয়গুলোকে বিবেচনা করা হচ্ছে। তবে পরিবর্তনের সিদ্ধান্তটি এখনও চূড়ান্ত হয়নি। এ জন্য আরও পর্যালোচনার প্রয়োজনীয়তা রয়েছে।

সভা সূত্র জানায়, পরীক্ষায় অবাধ নকলের অভিযোগ ও আইন-শৃংখলা পরিস্থিতির অবনতির আশংকায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশের ৬৪টি পরীক্ষাকেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নিয়েছিল। একই কারণে ৩১৮টি কেন্দ্রে বিনিময় প্রক্রিয়ায় পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু সে সিদ্ধান্তটি বাস্তবায়ন করতে গিয়ে নানামুখী চাপে মূল উদ্দেশ্য ব্যাহত হয়। রাজনৈতিক ও প্রভাবশালীদের চাপ, স্বজনপ্রীতিসহ কয়েকটি কারণে উল্লিখিত কেন্দ্রগুলোর অধিকাংশ বাতিল এবং পরীক্ষাকেন্দ্র পরিবর্তন করা হয়েছিল। একই কারণে ২০৬টি কেন্দ্রের অধিকাংশ পরিবর্তন বা বাতিল করা হয়নি। সূত্র জানায়, এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও থানা নির্বাহী কর্মকর্তাদের দিয়ে মনগড়া রিপোর্ট তৈরি করিয়ে নেয়া হয়েছে।

সভা সূত্র আরও জানায়, পরীক্ষাকেন্দ্র বাতিল, কেন্দ্র পরিবর্তন-সহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তে দেশব্যাপী ছাত্রছাত্রীরা উত্তেজিত হয়ে উঠেছে। ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ভাঙচুর, অবরোধসহ বিভিন্ন মারমুখী অবস্থান নিয়েছে। ছাত্রছাত্রীদের ওপর যাবতীয় দায়-দায়িত্ব চাপিয়ে দেয়া হলেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন অনিয়ম-দুর্নীতির বিষয়ে কোন পদক্ষেপ নেয়া হয়নি। এ সমস্ত দিক বিবেচনা করে কর্তৃপক্ষ পুরনো সিদ্ধান্ত বাতিল, নতুন সিদ্ধান্ত গ্রহণ ও গৃহীত সিদ্ধান্তের পরিবর্তন করতে সম্মত হয়েছে।

ডিগ্রি পরীক্ষা ঃ পৃঃ ২, কঃ ৬

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দুর্গাদাস ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি উল্লিখিত সিদ্ধান্তসমূহের সত্যতা স্বীকার করে বলেন, এ মুহূর্তে কোন পরীক্ষাকেন্দ্র বাতিল করা হবে না। যে সমস্ত কেন্দ্র বাতিলের পরিকল্পনা নেয়া হয়েছিল তার সবগুলো পুনর্বহাল করা হবে। খুলনা বিভাগের পরীক্ষা গ্রহণ পদ্ধতির ব্যাপারে উপাচার্য বলেন, ছাত্রছাত্রীদের সমস্যার কথা চিন্তা করেই পূর্বের পরিকল্পনা বাতিল করা হয়েছে। উপাচার্য বলেন, শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রছাত্রীদের জন্য। তাদের সঠিকভাবে পরিচালনার দায়িত্ব শিক্ষক ও কর্তৃপক্ষের। বিনা কারণে কেন্দ্র বাতিল করে তাদের দুর্ভোগ বাড়ানো যেমন উচিত নয়, তেমনি পরীক্ষা দেয়ার সময় তাদের যাতে ভোগান্তি না পোহাতে হয় সে ব্যাপারেও কর্তৃপক্ষ সচেষ্ট। তিনি বলেন, কেন্দ্র পরিবর্তনের বিষয়টি পুঙ্খানুপুঙ্খ খতিয়ে দেখে সিদ্ধান্ত হবে।